

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।  
[www.dae.kurigramadar.gov.bd](http://www.dae.kurigramadar.gov.bd)

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক কৃষকদের জন্য প্রদত্ত সেবাসমূহঃ

- ১। সকল শ্রেণীর কৃষকের জন্য সম্প্রসারণ সেবা নিশ্চিত করা।
- ২। ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষির আধুনিক প্রযুক্তি সমূহ কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়া।
- ৩। কৃষকদের মাঝে বীজ এবং সার বিতরণ নিশ্চিত করা।
- ৪। ভিজিট সিডিউল অনুসারে মাঠ পরিদর্শন, কৃষকের সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান দেয়া।
- ৫। জৈব ও রাসায়নিক সারের সুষম ব্যবহারের মাধ্যমে মাটির স্বাস্থ্য ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।
- ৬। ফসলের বালাই দমনে পরামর্শ প্রদান করা।
- ৭। কৃষকের মাঠে নতুন ফসল, নতুন জাত ও নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবসের আয়োজন করা।
- ৮। বিভিন্ন কৃষি প্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান।
- ৯। বিভিন্ন প্রকার সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকের মাঝে সচেতনতা তৈরী করা।
- ১০। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে সরকারী প্রণোদনা/ পূর্নবাসনে কৃষি উপকরণ নিশ্চিত করা।
- ১১। ফসলের মানসম্মত বীজ উৎপাদন ও সংরক্ষণে কৃষকদের সহায়তা করা।
- ১২। জৈব সার ও জৈব বালাইনাশক ব্যবহারের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদনে কৃষকদের সহায়তা প্রদান।
- ১৩। কৃষি পণ্য বিপণনে ত্রেতা ও কৃষকের মাঝে সংযোগ স্থাপনে সহায়তা করা।
- ১৪। সরকারী ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে ফসলের উৎপাদন খরচ কমাতে সহায়তা করা।
- ১৫। ফসলের বৈচিত্র্য আনয়নে এবং শস্যবিন্যাস উন্নতকরণে সহায়তা করা।
- ১৬। দেশে উৎপাদিত অপরিষ্কৃত খাদ্যশস্যের (ডাল, তেল, মশলা) উৎপাদন বৃদ্ধি করা।
- ১৭। ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষি ঋণ গ্রহণে কৃষকদের সহায়তা করা।
- ১৮। জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে কৃষকদের ডাটাবেজ তৈরী করা।
- ১৯। পুষ্টি উন্নয়নে বসত ভিটায় ও ছাদে সবজি ও ফল বাগানে সৃজনে সহায়তা করা।
- ২০। মোবাইল অথবা টেলিফোনের মাধ্যমে কৃষককে ডিজিটাল সেবা প্রদান করা।
- ২১। লিফলেট, বুকলেট, মাঠদিবস ও মাঠ পরিদর্শনের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ দেয়া।
- ২২। উচ্চমূল্যের ফসল উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
- ২৩। বানিজ্যিক ফল ও সবজি উৎপাদনে কৃষকদের উৎসাহিত করা।
- ২৪। নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সহায়তা করা।
- ২৫। আইপিএম, আইসিএম এবং অন্যান্য পদ্ধতি ব্যবহার করে পরিবেশ বান্ধব কৃষি উৎপাদনে সহায়তা করা।
- ২৬। কৃষি উপকরণ (সার, বীজ, বালাইনাশক ও চারাকলম) আমদানী ও বিপণনের লাইসেন্স প্রদান।
- ২৭। বালাইনাশক, সার ও বীজ ডিলারের দোকান পরিদর্শনের মাধ্যমে ভেজাল কৃষি উপকরণ বিক্রয় রোধ করা।
- ২৮। সরকারী ও বেসরকারী সংস্থার সাথে কৃষি উৎপাদনে আন্তঃসমন্বয় করা।